দৈনিক ইনকিলাব

তারিখ 19 FEB 2008
পৃষ্ঠা 2 কলাম 2

# সরকারী কলেজের কয়েকজন অধ্যাপক রদবদল

স্টাফ রিপোর্টার ঃ সরকারী কলেজে অধ্যাপক পদে কয়েকজনকে রদবদল করা হয়েছে। গতকাল সরকারী এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

চট্টগ্রাম কলেজের অধ্যাপক (অর্থনীতি) বেগম সাঈদা আখতারকে ঢাকা সরকারী তিতুমীর কলেজের অধ্যাপক (অর্থনীতি), টাঙ্গাইল করটিয়ার সরকারী সা'দত কলেজের অধ্যাপক (প্রাণিবিদ্যা) ডঃ সুফিয়া বুলবুলকে ঢাকা কলেজের অধ্যাপক (প্রাণিবিদ্যা), মুন্সিগঞ্জের সরকারী হরগঙ্গা কলেজের অধ্যাপক (হিসাববিজ্ঞান) ডঃ মোঃ আশরাফ আলী খানকে ঢাকা কলেজের অধ্যাপক (হিসাববিজ্ঞান), রংপুরের কারমাইকেল কলেজের অধ্যাপক (বাংলা) রোকেয়া বেগমকে যশোর সরকারী মহিলা কলেজের অধ্যাপক (বাংলা), ঝিনাইদহের সরকারী কেসি কলেজের অধ্যাপক (গণিত) ডঃ এসএম ইয়াকুব আলীকে খুলনার বিএল কলেজের অধ্যাপক (গণিত) পদে নিয়োগ ও বদলি করা হয়েছে। বদলিকৃত অধ্যাপকদের আগামী ২০ ফেব্রুয়ারীর মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করতে বলা হয়েছে।